দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JUL 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ৫০ কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ বদলি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা ক্যাডারে ২৮৫ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এর মধ্যে রয়েছেন ৫০ জন অধ্যক্ষ এবং ২৭ জন উপাধ্যক্ষ। শিক্ষা মন্ত্রণালয় অধ্যাপক থেকে সহযোগী অধ্যাপক পদে ২৪৬ জন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) সহকারী অধ্যাপক থেকে প্রভাষক পদের ৩৯ জন কর্মকর্তা বদলি করে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় ও মাউশি পৃথক পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে এ আদেশ জারি করে।

অধ্যক্ষ পদে যারা বদলি হয়েছেন: নারায়ণগঞ্জ (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ৫০ কলেজের

(প্রথম পৃঃ পর)

সরকারি তোলারাম কলেজের অধ্যাপক বেগম আখতার নাহারকে মুন্সীগঞ্জের শ্রীনগর সরকারি কলেজের অধ্যক্ষ, ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজের অধ্যাপক আব্দুল মোতালেব শেখকে ফরিদপুরের সদরপুর সরকারি কলেজ, পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজের অধ্যাপক অনিল চন্দ্র বেপারীকে গোপালগঞ্জের শেখ লুৎফর রহমান আদর্শ কলেজ, বরিশাল বিএম কলেজের অধ্যাপক মাকসুদুর রহমান খানকে শরীয়তপুর নড়িয়া সরকারি কলেজ, জামালপুরের সরকারি আশেক মাহমুদ কলেজের অধ্যাপক আইনুল হককে গফরগাঁও সরকারি কলেজ, জামালপুরের জাহেদা সফির সরকারি মহিলা কলেজের অধ্যাপক সাইফুল ইসলামকে জামালপুরের সরকারি আশেক মাহমুদ কলেজ, খুলনার সরকারি বিএল কলেজের অধ্যাপক বেগম ডি এ বিলকিস আরা চৌধুরীকে ফেনীর জিয়া সরকারি মহিলা কলেজ, জিয়া সরকারি কলেজের অধ্যক্ষ কুঞ্জলাল কর্মকারকে নোয়াখালী সরকারি এসএ কলেজ, সরকারি এসএ কলেজের অধ্যক্ষ মুহাম্মদ শাহজাহান হোসেনকে নোয়াখালী সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যাপক মোঃ রাজা মিয়াকে সন্দ্বীপের হাজী এ বি কলেজ, নরসিংদী সরকারি কলেজের অধ্যাপক মোঃ ফরিদ উদ্দিনকে কক্সবাজার সরকারি মহিলা কলেজ, ফেনীর সোনাগাজী সরকারি কলেজের অধ্যাপক মোঃ আবু তাহেরকে হাতিয়া দ্বীপ কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের অধ্যাপক ড. মুহম্মদ ছায়েফ উল্লাহকে নোয়াখালীর কবিরহাট সরকারি কলেজ, সিলেট এমসি কলেজের অধ্যাপক মো: হাবিবুর রহমানকে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর সরকারি কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের অধ্যাপক মোঃ আবুল খায়েরকে সিলেটের জকিগঞ্জ সরকারি কলেজ, বিয়ানী বাজার সরকারি কলেজের অধ্যক্ষ নেছার আহমেদকে সুনামগঞ্জ সরকারি কলেজ, সিলেট সরকারি এমসি কলেজের অধ্যাপক বেগম শামসুন্নাহার খানকে মৌলভীবাজার সরকারি কলেজ, রাজশাহী সিটি কলেজের অধ্যাপক বেগম হোসনে আরা বেগমকে নওগাঁর বিএমসি সরকারি মহিলা কলেজ, রাজশাহী সরকারি কলেজের অধ্যাপক মো: মোশাররফ হোসেনকে নাটোরের আব্দুলপুর সরকারি কলেজ, নওগাঁ সরকারি কলেজের অধ্যাপক ভূপেন্দ্রনাথ মণ্ডলকে একই জেলার নজিপুর ডিগ্রী কলেজ, বগুড়ার সরকারি আযিজুল হক কলেজের অধ্যাপক সৈয়দ আনোয়ারুল ইসলামকে পাবনার শহীদ বুলবুল কলেজ, সিরাজগঞ্জের সরকারি শাহজাদপুর সরকারি কলেজের অধ্যাপক আজাদ রহমানকে একই কলেজে, নীলফামারি সরকারি কলেজের অধ্যাপক হেলাল উদ্দিনকে নীলফামারির চিলাহাটি সরকারি কলেজ, বগুড়ার সরকারি মোস্তাফাবিয়া আলীয়া মাদ্রাসার অধ্যাপক শাইখ মোঃ নজরুল ইসলামকে বগুড়ার নাজির আখতার কলেজ, গোপালগঞ্জের সরকারি বঙ্গবন্ধু কলেজের অধ্যাপক মোঃ বদরুল ইসলামকে বগুড়ার সরকারি সান্তাহার কলেজ, রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আলাউদ্দিন মিয়ার প্রেষণ প্রত্যাহার করে দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর সরকারি কলেজের অধ্যাপক মোঃ আব্দুস সোবহান প্রামাণিককে একই জেলার ফুলবাড়ি সরকারি কলেজ, সাতক্ষীরা সরকারি কলেজের অধ্যাপক মোঃ আব্দুল হামিদকে সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ, খুলনার সরকারি বিএল কলেজের অধ্যাপক এস এম সাইফুল আলমকে সাতক্ষীরার তালা সরকারি কলেজ, মাগুরার সরকারি হোসেন সোহরাওয়ার্দী কলেজের উপাধ্যক্ষ মোঃ আব্দুল বাছিত মিয়াকে একই কলেজের অধ্যক্ষ, যশোর সরকারি এমএম কলেজের অধ্যাপক মোঃ এলিয়াছ হোসেনকে ঝিনাইদহের খন্দকার মোশাররফ হোসেন কলেজ, কোটচাঁদপুর ঝিনাইদহের সরকারি লালনশাহ কলেজের অধ্যাপক একে এম জালাল উদ্দিনকে একই কলেজে, নড়াইলের ভিক্টোরিয়া সরকারি কলেজের অধ্যাপক পরিমল মজুমদারকে একই কলেজে, ঝিনাইদহের শৈলকুপা সরকারি কলেজের অধ্যাপক উপাধ্যক্ষ মোহা: শফিকুর রহমানকে একই কলেজের অধ্যক্ষ, ঝালকাঠি সরকারি কলেজের অধ্যাপক আব্দুল কুদ্দুসকে মাগুরা সরকারি মহিলা কলেজ, রামগড় সরকারি কলেজের অধ্যাপক রূপেশ চন্দ্র চৌধুরীকে চট্টগ্রাম টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি রাজেন্দ্র কলেজের অধ্যাপক বিমল চন্দ্র রায়কে বরিশাল টিচার্স ট্রেনিং কলেজ, ঝালকাঠি সরকারি কলেজের অধ্যাপক মোঃ আব্দুল মালেককে, ফেনী টিচার্স ট্রেনিং কলেজ, আনন্দমোহন সরকারি কলেজের অধ্যাপক মোঃ সাদেকুর রহমানকে ফেনীর ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনীর ছাগলনাইয়া সরকারি কলেজের অধ্যক্ষ মোঃ মতিউর রহমানকে কুমিল্লা টিচার্স ট্রেনিং কলেজ, গাজীপুরের মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের উপাধ্যক্ষ ড.আবুল খায়ের মোহাম্মদ ইয়াকুব হোসাইনকে ঢাকার মাদ্রাসা ই আলীয়া, সরকারি বিজ্ঞান কলেজের অধ্যাপক মোঃ আব্দুস সবুরকে পাবনা টিচার্স ট্রেনিং কলেজ, মানিকগঞ্জের সরকারি দেবেন্দ্র কলেজের অধ্যাপক বাসু চন্দ্র দেব গোপকে ফরিদপুর টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকার সরকারি নজরুল কলেজের অধ্যাপক নারায়ণ চন্দ্র দাসকে সিলেটের টিচার্স ট্রেনিং কলেজ, বগুড়ার আযিযুল হক কলেজের অধ্যক্ষ ড. মোঃ সুলতান আলীকে গাইবান্ধার পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধার পলাশবাড়ী সরকারি কলেজের অধ্যক্ষ আখন্দ মোঃ মুখলেসুর রহমানকে বগুড়ার আযিযুল হক কলেজ, ফেনীর পরশুরাম সরকারি কলেজের অধ্যক্ষ কাজী মোঃ মোস্তফা জালালকে ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, মুন্সীগঞ্জের গজারিয়া সরকারি কলেজের অধ্যাপক মো: আব্দুস সাত্তারকে পরশুরাম সরকারি কলেজ, রাঙ্গামাটি সরকারি কলেজের অধ্যাপক সিরাজুল করিমকে রাঙ্গামাটি সরকারি কলেজে এবং ফেনী সরকারি কলেজের অধ্যাপক মোঃ আব্দুল গফুরকে কুমিল্লার বরুরা শহীদ স্মৃতি সরকারি কলেজের অধ্যক্ষ পদে বদলি করা হয়েছে।